


জলই জীবন জলের অপচয় রোধ করুন




দাঁত ব্রাশ করার সময় জলের টেপ খোলা রাখবেন না।



কাপড় ও বাসন ধোয়ার সময় জলের টেপ খোলা রাখবেন না।



গাড়ী ধোয়ার জন্য পানীয় জল ব্যবহার করবেন না।



ব্যবহারের পর টেপ ভাল করে বন্ধ করে দিন।



সজ্জি ধোয়া জল গাছের গোড়ায় দিন।



বোতলের পরিত্যক্ত জল গাছের গোড়ায় দিন।



স্নানের সময় শাওয়ারের পরিবর্তে বালতি ব্যবহার করুন।



বৃষ্টির জল জমিয়ে রাখুন এবং প্রয়োজনমত কাপড় ও বাসন ধোয়ার কাজে লাগান।



ফুটপাত এবং গাড়ীর রাস্তা পরিষ্কার করার জন্য পাইপের পরিবর্তে ঝাড়ু ব্যবহার করুন।



টয়লেট সিসটার্ণে একটি ইট রেখে তার জল ধারণ ক্ষমতা কমান।



লক্ষ্য রাখুন আপনার বাড়ী স্কুল এবং চারপাশে কোথাও যেন লিক টেপ না থাকে। যদি থাকে, তা তাড়াতাড়ি সারাইয়ের ব্যবস্থা করুন।



ওয়াশিং মেশিন কাপড় ভর্তি করে ব্যবহার করুন। প্রথম ধোয়ার জল দিয়ে মেঝে পরিষ্কার করুন।



এনভিস সেন্টার, ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্যদ কর্তৃক প্রচারিত, পরিবেশ ভবন, গোর্খাবস্তি, আগরতলা - ০৬, ত্রিপুরা।

ফোন : (০৩৮১) ২২২ ৫৪২১, ২৩২ ৮৭৯২, ২৩২ ২৪৬২, ২২২ ২৪৫৫

ওয়েবসাইট : www.tripura.nic.in/tspcb / ই-মেইল : trippcb@sancharnet.in



জল-যার অভাবে ২০০ কোটি লোক বিপন্ন

- ❖ পৃথিবীর মোট আয়তনের তিন-চতুর্থাংশ জলরাশি। তার মধ্যে মাত্র ২ শতাংশ পরিষ্কার জল।
- ❖ একজন মানুষের প্রতিদিন ২.৮২ লিটার জল প্রয়োজন। আমরা খাদ্য ছাড়া প্রায় একমাস বাঁচতে পারলেও জল ছাড়া মাত্র ৫-৭ দিন বাঁচতে পারি।
- ❖ রাষ্ট্রসংঘের ধারণা অনুযায়ী ২০২৫ সালের মধ্যে পৃথিবীর জনসংখ্যার দুই-তৃতীয়াংশ চরম জলসংকটে ভুগবে।
- ❖ পৃথিবীর ১১০ কোটি লোক স্বচ্ছ পানীয় জল থেকে বঞ্চিত - যা মোট জনসংখ্যার এক-ষষ্ঠাংশ।
- ❖ গ্রীষ্মকালে ভারতবর্ষের ৩ (তিন) কোটি লোক পানীয় জল থেকে বঞ্চিত হয়।
- ❖ প্রতিদিন পৃথিবীতে ২০ (কুড়ি) হাজার শিশু জলবাহিত রোগে মারা যাচ্ছে। তৃতীয় বিশ্বে প্রতি ৮ সেকেন্ডে একটি করে শিশু জলবাহিত রোগে মারা যায়।
- ❖ পৃথিবীতে প্রতি বছর ৫০ লক্ষ লোক দূষিত জল ব্যবহারের ফলে মারা যান। যা একটা যুদ্ধে মৃতের সংখ্যা থেকে দশগুণ বেশি।
- ❖ ভারতবর্ষে পরিষ্কার জলের ৮৩ শতাংশ কৃষিকাজের জন্য ব্যবহৃত হয়।
- ❖ বাজারজাত পানীয় জলের বোতলের এক গ্লাস জলের দাম প্রায় দশ হাজার গ্লাস কলের জলের মূল্যের সমান। এই বোতল-জলে মাত্রাতিরিক্ত কীটনাশক পদার্থের সম্মান পাওয়া গেছে।
- ❖ ভারতবর্ষ পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম বৃষ্টিবহুল অঞ্চল। অথচ বর্ষার জলের মাত্র ১০ থেকে ২০ শতাংশ ব্যবহৃত হয়। বাকীটা অপচয় হয়।
- ❖ উন্নয়নশীল দেশগুলির ৯০ শতাংশ বর্জ্য জল অপরিশোধিত আকারে নদী অথবা ছড়ায় চলে যায়।
- ❖ ত্রিপুরা রাজ্যের জলে কোথাও আর্সেনিক পাওয়া যায়নি।

**আজ জল সংরক্ষণ করুন — তবেই আগামীতে
আপনি তা ব্যবহার করতে পারবেন।**



এনডিস সেন্টার, ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ কর্তৃক প্রচারিত, পরিবেশ ভবন, গোখরাবস্তি, আগরতলা - ০৬, ত্রিপুরা।

ফোন : (০৩৮১) ২২২ ৫৪২১, ২৩২ ৮৭৯২, ২৩২ ২৪৬২, ২২২ ২৪৫৫

ওয়েবসাইট : www.tripura.nic.in/tspcb / ই-মেইল : trippcb@sancharnet.in